ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর ৪র্থ ষণ্মাস মূল্যায়ন- ২০২২

বাংলা

পত্র - বি এন জি ৪০১

পূর্ণমান – ৪০ সময় – ২ ঘন্টা

## বিভাগ – ক

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ২ x ৪ = ৮

১। 'রজনী' উপন্যাসটি প্রথম কোন পত্রিকায় কত সালে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়?

২। 'মেঘনাদবধ কাব্য'-এ কোন কোন পাশ্চাত্য কাব্যের প্রভাব পড়েছে, উল্লেখ করো।

৩। মহাভারত থেকে উপাদান গ্রহণ করেছিলেন, রবীন্দ্রনাথের লেখা এমন দু'টি নাট্যকাব্যের নাম উল্লেখ করো।

৪। জীবনানন্দ দাশের 'হায় চিল' কবিতার ওপর কার কোন কবিতার প্রভাব আছে বলে পণ্ডিতেরা মনে করেন?

৫। 'মেঘদূত' কাব্যের মেঘ বিশীর্ণা রেবাকে কোথায় দেখতে পাবে? রেবা নদীকে কেমন দেখতে লাগবে বলে যক্ষ মেঘকে জানিয়েছে?

৬। আষাঢ়ের মেঘের আগমনে দশার্ণ দেশে কী কী ঘটবে বলে যক্ষ জানিয়েছে?

## বিভাগ – খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪ x ৪ = ১৬

১। পত্রিকা ও গ্রন্থাকারে প্রকাশিত 'রজনী' উপন্যাসের 'রজনী' চরিত্রের তুলনাত্মক আলোচনা করো।

২। 'রজনী' উপন্যাসে হীরালাল চরিত্রের গুরুত্ব বিশ্লেষণ ক'রে পত্রিকায় ও গ্রন্থাকারে এই চরিত্রের মধ্যে যে সূক্ষ্ম পার্থক্য আছে —তার উপর আলোকপাত করো।

৩। কবি জীবনানন্দ দাশের নারীভাবনায় বোদলেয়ারের প্রভাব সম্পর্কে সংক্ষেপে লেখো।

৪। মধুসূদন দত্তের ওপর শেক্সপীয়রের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫। মহাকাল মন্দিরে উপস্থিত হয়ে মেঘ কী কী করবে বলে যক্ষ বলেছে?

৬। কার্তিকেয়-র প্রসঙ্গ 'মেঘদূত' কাব্যের 'পূর্বমেঘ' অংশে কীভাবে এসেছে, লেখো।

## বিভাগ – গ

যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ৮ x ২ = ১৬

১। পত্রিকায় প্রকাশিত 'রজনী' উপন্যাসের অমরনাথ চরিত্র ও গ্রন্থাকারে 'রজনী'-র অমরনাথ চরিত্রের তুলনামূলক আলোচনা করো।

২। কবি মধুসূদন দত্তের ওপর পাশ্চাত্য প্রভাব সম্পর্কে নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো।

৩। কবি জীবনানন্দ দাশের ওপর ইয়েটস্-এর প্রভাব সম্পর্কে আলোচনা করো।

৪। কালিদাসের 'মেঘদূত' কী জাতীয় গ্রন্থ? এর 'পূর্বমেঘ' অংশে মেঘের যাত্রাপথের বিবরণ দাও।

---

ঝাড়গ্রাম রাজ কলেজ
(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)
স্নাতকোত্তর ৪র্থ ষণ্মাস মূল্যায়ন- ২০২২
বাংলা
পত্র - বি এন জি ৪০২

পূর্ণমান – ৪০ সময় – ২ ঘন্টা

## বিভাগ – ক

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ২ x ৪ = ৮

১। নন্দনতত্ত্ব সম্বন্ধীয় এজরা পাউণ্ডের কবিতাটির নাম কী? রবীন্দ্রনাথ কোন প্রসঙ্গে কবিতাটির উল্লেখ করেছেন?

২। বিষয় এবং বিষয়ী ঘিরে রবীন্দ্রনাথের মতে উনিশ এবং বিশ শতকের মর্জির মধ্যে প্রধান পার্থক্য কী?

৩। রবীন্দ্রোত্তর আধুনিক কাব্যসাধনাকে রবীন্দ্রনাথ 'অঘোরপন্থী' বলতে চেয়েছেন কেন?

৪। 'কাব্যের তাৎপর্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ কাব্যকে অগ্নিশিখা এবং পাঠকদের বিচিত্র আতশবাজির সঙ্গে তুলনা করেছেন কেন?

৫। 'ক্রোধ' এবং 'উৎসাহ' এই দু'টি স্থায়ীভাব থেকে কোন দু'টি রসের উৎপত্তি হয়?

৬। ভারতীয় অলঙ্কারশাস্ত্রে ধ্বনিতত্ত্বের প্রবক্তা কে? তাঁর রচিত গ্রন্থটির নাম কী?

## বিভাগ – খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪ x ৪ = ১৬

১। 'শাশ্বত আধুনিকতা' বলতে রবীন্দ্রনাথ কী বুঝিয়েছেন?

২। এমি লোয়েল এবং এজরা পাউণ্ড কোন সাহিত্য-আন্দোলনের পুরোধা ছিলেন? এই আন্দোলনের কাব্যাদর্শের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। "অতএব চিত্র এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ"— 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে রবীন্দ্রনাথের এই মন্তব্যটি ব্যাখ্যা করো।

৪। সাহিত্যদর্পণ অনুসারে অদ্ভুত রসের বর্ণনা করো।

৫। আচার্য বামনের মতে রীতি কত প্রকার ও কী কী? রীতিগুলির মধ্যে শ্রেষ্ঠ রীতি কোনটি?

৬। অলঙ্কারশাস্ত্রে 'অর্থব্যক্তি' কথাটির অর্থ কী? বিশ্বনাথ কেন 'অর্থব্যক্তি'-কে পৃথক গুণরূপে স্বীকার করেন না?

## বিভাগ – গ

যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ৮ x ২ = ১৬

১। 'সাহিত্যের বিচার' শব্দটি রবীন্দ্রনাথ কোন অর্থে ব্যবহার করেছেন? সূত্রাকারে রবীন্দ্রনাথের সাহিত্য-বিচার বিষয়ক তত্ত্বটি লেখো।

২। 'আধুনিক কাব্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ আধুনিকতার যে সংজ্ঞা দিয়েছেন তা সূত্রাকারে লেখো। আধুনিকতা সম্পর্কে রবীন্দ্রনাথের মতামত কতদূর গ্রহণযোগ্য আলোচনা করো।

৩। আচার্য বিশ্বনাথের মতে কাব্যে গুণ কয়টি ও কী কী? গুণগুলির পরিচয় দাও।

৪। 'সাহিত্যদর্পণ' গ্রন্থে 'দশম রস' রূপে কোন রসের উল্লেখ করা হয়েছে? রসটির বিবরণ দাও।

---

PG/JRC/BNG-403/22

ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর ৪র্থ ষণ্মাস মূল্যায়ন- ২০২২

বাংলা

পত্র - বি এন জি ৪০৩

পূর্ণমান – ৪০ সময় – ২ ঘন্টা

## বিভাগ – ক

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :** ২ x ৪ = ৮

১। উদ্ঘাটন সম্পর্কে অ্যারিস্টটলের বক্তব্য কী ছিল?

২। অ্যারিস্টটলের মতে কাব্যের সত্য এবং ইতিহাসের সত্যের মধ্যে পার্থক্য কী?

৩। ফ্রয়েডিয়ান সাইকোঅ্যানালাইসিসে Id এবং Ego বলতে কী বোঝায়?

৪। ফার্দিনান্দ দ্য স্যোসুর 'Sign' বলতে কী বুঝিয়েছেন?

৫। রবীন্দ্রনাথের কোন প্রবন্ধে তুলনামূলক সাহিত্যের ধারণা প্রথম প্রকাশ পেয়েছিল লেখো এবং সেখানে কোন কোন রচনার মধ্যে তুলনা করা হয়েছে?

৬। নাটকের অঙ্ক সংখ্যা, কোরাস, *deus ex machina* এবং *in medias res* —এই বিষয়গুলি সম্পর্কে হোরেস, নাট্যকারকে কী নির্দেশ দিয়েছিলেন?

## বিভাগ – খ

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :** ৪ x ৪ = ১৬

১। পোয়েটিক্সে অ্যারিস্টটল চরিত্র এবং অভিপ্রায়-কে অঙ্গাঙ্গীভাবে যুক্ত বলেছেন কেন?

২। ট্র্যাজেডি এবং মহাকাব্যের মধ্যে অ্যারিস্টটল কোনটিকে উৎকৃষ্ট বলেছেন? এ রকম বলার কারণ কী?

৩। ঊনবিংশ শতাব্দীর ঐতিহাসিক সমালোচনা পদ্ধতি সাহিত্য এবং লেখকের সম্পর্ক কীভাবে নিরূপণ করে?

৪। কাব্য রচনায় শব্দসন্ধান এবং কবিতা রচনার উদ্দেশ্য সম্বন্ধে সম্পর্কে হোরেসের বক্তব্য সূত্রাকারে লেখো।

৫। নারীবাদী আন্দোলনের যে বিভিন্ন তরঙ্গগুলির কথা তাত্ত্বিকেরা বলেন, সময়সীমা উল্লেখ করে তরঙ্গগুলির প্রতিনিধিস্থানীয় ব্যক্তিত্বদের নামোল্লেখ করো।

৬। "সাবঅল্টার্ন স্টাডিজ"-এর কারণে সাহিত্য বিশ্লেষণের ক্ষেত্রে আবিষ্কৃত নতুন পদ্ধতিগত দিকটি সম্পর্কে সংক্ষেপে লেখো।

## বিভাগ – গ

**যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :** ৮ x ২ = ১৬

১। "এই সব উপাদানের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হল ঘটনার সজ্জা"—অ্যারিস্টটলের এই বক্তব্যের বিস্তারিত ব্যাখ্যা করো।

২। 'কাথার্সিস' বলতে কী বোঝ? পোয়েটিক্সের এই পরিভাষাটিকে কেন্দ্র করে এত বিতর্কের কারণ কী?

৩। কাব্য-সমালোচনায় কবি ও সমালোচকের পারস্পরিক সম্পর্ক বিষয়ে হোরেসের বক্তব্য কী ছিল?

৪। রোমান্টিক আন্দোলন বলতে কী বোঝ? উদাহরণ দিয়ে ইংরেজি রোমান্টিসিজমের বৈশিষ্ট্য আলোচনা করো।

---

PG/JRC/BNG-404/22

ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর ৪র্থ ষণ্মাস মূল্যায়ন- ২০২২

বাংলা

পত্র - বি এন জি ৪০৪

পূর্ণমান – ৪০ সময় – ২ ঘন্টা

বিভাগ – ক

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ২ x ৪ = ৮

১। বাহান্নর ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে লেখা দু'টি উপন্যাস ও তার লেখকের নাম লেখো।

২। বরাকের ভাষা আন্দোলনকে কেন্দ্র করে লেখা দু'টি কবিতার ও কবির নাম লেখো।

৩। প্রকাশকালসহ বদরুজ্জামান চৌধুরীর দু'টি গল্পগ্রন্থের নাম লেখো।

৪। 'বাঁশের বুকে ফুল' গল্পটি কবে প্রকাশিত হয়েছিল? গল্পটি কোন প্রেক্ষাপটে লেখা হয়েছিল?

৫। প্রকাশকালসহ স্বদেশ সেনের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৬। বনফুলের শেষ গল্প সংকলনটির নাম কী? কবে প্রকাশিত হয়েছিল?

বিভাগ – খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪ x ৪ = ১৬

১। বরাকের ভাষা আন্দোলনের প্রেক্ষিতটুকু উল্লেখ করো।

২। বহির্বঙ্গীয় বাংলা সাহিত্যচর্চার প্রাসঙ্গিকতা সংক্ষেপে লেখো।

৩। "বিপ্লবী সম্ভাবনার ভগীরথ-চরিত্রকেই পাঠক অতনুর মধ্যে আবিষ্কার করেন।"—অতনু সম্পর্কে এরূপ মন্তব্যের কারণ ব্যাখ্যা করো।

৪। অরিজিৎ চৌধুরীর 'যাযাবর' গল্পে অস্তিত্বের সংকটে বিপন্ন বাঙালির যে ছবি ফুটে উঠেছে, তার পরিচয় দাও।

৫। "আমার কবিতায় এক ধরনের বিষাদ কাজ করে।"— কবি স্বদেশ সেনের কবিতা অবলম্বনে এরূপ মন্তব্যের যাথার্থ্য বিচার করো।

৬। সতীনাথ ভাদুড়ীর ছোটোগল্পে বিহারের আর্থ-সামাজিক প্রেক্ষাপট যেভাবে প্রতিফলিত হয়েছে, সংক্ষেপে তার পরিচয় দাও।

বিভাগ – গ

যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ৮ x ২ = ১৬

১। মানভূমের ভাষা আন্দোলনের কারণ ও পরিণতি পর্যালোচনা করো।

২। "মানুষের চরম দারিদ্র্যকে শিহরণ জাগানো অনুভূতিতে পৌঁছে দিয়ে গল্পকার না-দেখা যে জীবন, তারই প্রতি অঙ্গুলি নির্দেশ করেছেন।"— বদরুজ্জামান চৌধুরীর 'মানুষ' গল্প অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো।

৩। মীনাক্ষী সেনের 'একটি কালো টুপি ও ন্যায়বিচার' গল্পে ভারতীয় বিচার ব্যবস্থার যে কদর্যময় দিকগুলি ফুটে উঠেছে, তার পরিচয় দাও।

৪। বিহারের রাজনৈতিক প্রেক্ষাপট অবলম্বনে লেখা বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের ছোটোগল্পগুলি বিশ্লেষণ করো।

PG/JRC/BNG-405E/22

ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর ৪র্থ ষণ্মাস মূল্যায়ন- ২০২২

বাংলা

বিশেষ পত্র - বি এন জি ৪০৫ ই

( লোকসাহিত্য-সংস্কৃতি তত্ত্ব ও পাঠ )

**পূর্ণমান – ৪০** **সময় – ২ ঘন্টা**

বিভাগ – ক

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :** **২ x ৪ = ৮**

১। লোকসাহিত্যের সঙ্গে শিষ্ট সাহিত্যের যে-কোনো দু'টি পার্থক্য লেখো।

২। লোকসংগীতের সংজ্ঞা দাও।

৩। লোকসাহিত্যে কথান্তরের দু'টি কারণ উল্লেখ করো।

৪। লোকসাহিত্য বিচারের মনস্তাত্ত্বিক পদ্ধতির যে-কোনো দু'টি বৈশিষ্ট্য জানাও।

৫। মোটিফ কাকে বলে?

৬। 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থে রাক্ষসীর মানবী মূর্তি ধারণ অথবা সন্ন্যাসীর কাছ থেকে জাদুমন্ত্র পাওয়া—এই মোটিফ ব্যবহার হয়েছে এমন দু'টি গল্পের নাম লেখো।

বিভাগ – খ

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :** **৪ x ৪ = ১৬**

১। লোকনাট্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

২। ছড়া ও ধাঁধার সংক্ষিপ্ত তুলনামূলক আলোচনা করো।

৩। বাংলা প্রবাদের বিষয়বৈচিত্র্যের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরো।

৪। টাইপ ইনডেক্সের উদ্ভবের ইতিহাস সম্পর্কে আলোচনা করো।

৫। লোকসাহিত্য বিচারের ঐতিহাসিক-ভৌগোলিক পদ্ধতির সীমাবদ্ধতার দিকগুলি পরিস্ফুট করো।

৬। রূপকথা অথবা পশুকথা সম্পর্কে টীকা লেখো।

বিভাগ – গ

**যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :** **৮ x ২ = ১৬**

১। লোকসংস্কৃতির সংজ্ঞা দাও। লোকসংস্কৃতির শ্রেণিবিভাগ করে প্রতিটি বিভাগের দৃষ্টান্তসহ আলোচনা করো।

২। লোকসাহিত্য বিচারের মার্ক্সীয় পদ্ধতির বৈশিষ্ট্যগুলি উল্লেখ ক'রে একটি লোককথাকে মার্ক্সীয় পদ্ধতিতে বিচার করে দেখাও।

৩। টাইপ কাকে বলে? টাইপ ইন্ডেক্স সম্পর্কে আলোচনা ক'রে একটি পরিচিত কাহিনির টাইপ ও মোটিফগুলি বিশ্লেষণ করে দেখাও।

৪। 'ঠাকুরমার ঝুলি'র দুধের সাগর অংশের গল্পগুলিতে উঠে আসা সমাজভাবনার পরিচয় দাও।

------------------------------------

PG/JRC/BNG-405F/22

ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর ৪র্থ ষণ্মাস মূল্যায়ন- ২০২২

বাংলা

বিশেষ পত্র - বি এন জি ৪০৫ এফ

( কথাসাহিত্য পাঠ )

পূর্ণমান -/ ৪০ সময় – ২ ঘন্টা

## বিভাগ – ক

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ২ x ৪ = ৮

১। 'Stream of Consciousness' শব্দটি কোথা থেকে এসেছে? শব্দটি সাহিত্যে প্রথম কে প্রয়োগ করেন?

২। মনস্তাত্ত্বিক উপন্যাসের ক্ষেত্রে কোন দর্শনের প্রভাব সর্বাধিক? এই দর্শনের প্রবক্তা কে?

৩। শ্রীকান্তের সঙ্গে রোহিণী ও অভয়ার প্রাথমিক সাক্ষাতের প্রসঙ্গটি কী ছিলো?

৪। 'হাঁসুলি বাঁকের উপকথা'-য় 'আটপৌরে' কাদের বলা হয়েছে? কেন?

৫। 'ভারতবর্ষ' গল্পের নির্দিষ্ট স্টেশনটির সরকারি পরিচয় কী? স্টেশনটি 'আগুাহল্ট' নামে পরিচিত ছিল কেন?

৬। 'অবতরণিকা' গল্পটির পত্রিকায় প্রকাশসাল উল্লেখ করো। এই গল্পের নায়িকার শিক্ষাগত যোগ্যতা কী ছিলো?

## বিভাগ – খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪ x ৪ = ১৬

১। রাজনৈতিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো।

২। ছোটোগল্পের বৈশিষ্ট্য হিসেবে 'অতৃপ্তিকর সমাপ্তি' সংজ্ঞা কতটা অনিবার্য ও অমোঘ তা আলোচনা করো।

৩। 'হাঁসুলি বাঁকের উপকথা' উপন্যাসে কাহারদের দেবতা ও পরবের কী পরিচয় পাওয়া যায়?

৪। "কাপ্তান কইছে ছাইক্লোন হোতি পারে"— এই 'ছাইক্লোন'-এর বর্ণনা দাও।

৫। কাহার নারীদের ঔপন্যাসিক কোন কারণে কোপাই নদীর সঙ্গে তুলনা করেছেন?

৬। 'নীলুর দুঃখ' গল্পে বর্ণিত সমকালীন রাজনৈতিক পরিস্থিতির পরিচয় দাও।

## বিভাগ – গ

যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ৮ x ২ = ১৬

১। রোমান্স ও উপন্যাসের মূল পার্থক্য চিহ্নিত ক'রে উপন্যাসের সাধারণ লক্ষণের পরিচয় দাও।

২। অভয়া চরিত্রকে অবলম্বন ক'রে দাম্পত্য সম্পর্কের যে সমকালীন বাস্তবচিত্র 'শ্রীকান্ত' উপন্যাসে উঠে এসেছে তার শিল্প-সার্থকতা বিচার করো।

৩। 'হাঁসুলি বাঁকের উপকথা' উপন্যাসে কাহার সমাজের সঙ্গে প্রকৃতির সহাবস্থান ও সংঘর্ষের চিত্র কীভাবে বর্ণিত হয়েছে?

৪। 'আয় বউ, তুই আর আমি এক হয়ে যাই'—এই সংলাপের প্রেক্ষিতে প্রাসঙ্গিক গল্পটি আলোচনা করো।